

চক্ষুরোগের চিকিৎসা ও প্রতিরোধে অসামান্য অবদান রাখায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ-এর পুরস্কার লাভ

চোখের রোগসমূহের চিকিৎসা, প্রতিরোধসহ কমিউনিটি অফথালমোলজিতে অসামান্য অবদান রাখায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (প্রশাসন) ও চক্ষুরোগ বিশেষজ্ঞ অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ পিভিপি (Pokharel-Venkatswamy-Parajsek Haram-PVP Award For extraordinary work in community ophthalmology) পুরস্কার লাভ করেছেন। গত বৃহস্পতিবার ২১ জুন নেপালের রাজধানী কাঠমুণ্ডের একটি স্থানীয় হোটেলে সার্ক একাডেমি অফ অফথালমোলজির ১৪তম সম্মেলনে নেপালের মহামান্য রাষ্ট্রপতির কাছ থেকে তিনি এ পুরস্কারটি গ্রহণ করেন। অধ্যাপক ডা. শারফুদ্দিন আহমেদ দীর্ঘদিন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের প্রিন্সিপাল এন্ড সোশ্যাল মেডিসিন অনুষদের সম্মানিত ডীন এবং চক্ষু বিজ্ঞান বিভাগের চেয়ারম্যানের দায়িত্ব পালন করেছেন। বর্তমানে তিনি এ বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (প্রশাসন)-এর দায়িত্ব পালনের পাশাপাশি কমিউনিটি অফথালমোলজি বিভাগের চেয়ারম্যানের দায়িত্বও পালন করেছেন। চক্ষু বিজ্ঞানের চেয়ারম্যানের দায়িত্ব পালনকালে ওই বিভাগের ব্যাপক উন্নয়ন ও বিকাশ হয়েছে। তিনি চিকিৎসকদের শীর্ষ সংগঠন বাংলাদেশ মেডিক্যাল এ্যাসোসিয়েশন (বিএমএ)-এর নির্বাচিত মহাসচিব হিসেবে দায়িত্ব পালন করেছেন। এছাড়া তিনি স্বাধীনতা চিকিৎসক পরিষদ (স্বাচিপ), বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় শাখার সম্মানিত সভাপতির দায়িত্বও সফলভাবে পালন করে যাচ্ছেন।

